ভোরের কাগজ

DEC. 20 2000

তারিখ ... ... ...

পৃষ্ঠা ১২ কলাম ৩....

৩৩

### সংবাদ সম্মেলনে ৩ সমিতির নেতৃবৃন্দ

# পাঠ্যপুস্তক সংকটের জন্য বোর্ড ও বেক্সিমকো গ্রুপই দায়ী

**কাগজ প্রতিবেদক :** আসন্ন নতুন শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক এখন পর্যন্ত প্রস্তুত না হওয়ার জন্য মুদ্রণ ও প্রকাশনার সঙ্গে জড়িত ব্যবসায়ীদের তিনটি সমিতি পাঠ্যপুস্তক বোর্ড ও বেক্সিমকো গ্রুপকে দায়ী করেছে। তিন সমিতির নেতৃবৃন্দ গতকাল মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে বলেছেন, বর্তমান সরকারকে নির্বাচনের আগে আগে বিপদে ফেলার জন্য বোর্ডের কতিপয় কর্মকর্তা নতুন একটি প্রতিষ্ঠানকে সব বই ছাপানোর দায়িত্ব দিয়ে ইচ্ছাকৃতভাবে এই সংকট তৈরি করেছে।

মুদ্রক ও প্রকাশক নেতৃবৃন্দ আরো বলেছেন, এখনো যদি তাদের বই ছাপানোর দায়িত্ব দেওয়া হয় তবে জাতীর বৃহত্তর স্বার্থে তারা তা করতে প্রস্তুত আছেন। সম্প্রতি পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রচারিত একটি প্রেস বিজ্ঞপ্তির সমালোচনা করে তারা বলেছেন, এতে তাদের সমিতি সম্পর্কে অসত্য ভাষণ দেওয়া হয়েছে।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, মুদ্রণ শিল্প সমিতি এবং পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তব্য রাখেন মুদ্রক ও প্রকাশক নেতা মোঃ আবু তাহের, রব্বানী জব্বার, ওসমান গনি, নাগিবুল ইসলাম দিপু, আ স ম শাহ আলম এবং তোফায়েল আহমেদ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, প্রাথমিক স্তরের বই ছাপানোর জন্য নিয়ম ভঙ্গ করে বেক্সিমকোর দুটি প্রতিষ্ঠানকে বিস্তর সুযোগ-সুবিধা দিয়েও পাঠ্যপুস্তক বোর্ড বই প্রস্তুত করতে ব্যর্থ হয়েছে। এতে ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন এখন ঝুঁকির সম্মুখীন। অথচ এমন অবস্থা সম্পর্কে আগেই বোর্ডকে সতর্ক করে দেওয়া হয়েছিল। এখন নিজের দোষ ঢাকতে বোর্ড নিজেই সমিতির বিরুদ্ধে প্রচারণায় নেমেছে।

মাধ্যমিক স্তরের বই ছাপানোর অবস্থা শোচনীয় উল্লেখ করে সংবাদ সম্মেলনে বলা হয়, বছরের শুরুর কয়েক মাস বই বাজারে না পেয়ে ছাত্রছাত্রীরা রীতিমতো হাহাকার করবে।